

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
পবাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩
www.rmp.gov.bd




আদেশ নং- ৪৩

তারিখ : ১৭/০২/২০২১ খ্রিঃ।

আদেশ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৮/০২/২০২১ তারিখ হতে ০৭/০৪/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত রাজশাহী মহানগরীর (১) রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী, (২) জাতীয় বিজ্ঞান গবেষণা ও প্রযুক্তি মহাবিদ্যালয়, মাতৃকা ভবন, শিরোইল, রাজশাহী, (৩) রাজশাহী মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, রাজশাহী, (৪) ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট, রাজশাহী এবং (৫) রাজশাহী হাজী আবুল হোসেন ইন্সটিটিউট অব টেকনোলজি (Rajshahi HABHIT) রাজশাহী পরীক্ষা কেন্দ্রসমূহে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড এর অধীনে ২০২০ সনের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত এবং ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম অনিয়মিত পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা রক্ষা করার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৯ (ক), ২৯ (খ), ৩০ ধারার অর্পিত ক্ষমতাবলে আগামী ১৮/০২/২০২১ তারিখ হতে ০৭/০৪/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রের চতুর্দিকে ২০০ (দুইশত) গজের মধ্যে সকল প্রকার মিছিল, মিটিং, সমাবেশ, বিক্ষোভ প্রদর্শন, মাইকিং, বিক্ষোভক দ্রব্য ও অস্ত্রশস্ত্র বহন এবং ০৪ (চার) জনের অধিক একত্রে চলাচল নিষিদ্ধ ঘোষণা করলাম। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মেঃ সুজায়েত ইসলাম)

বিপি নং-৬৮৯৯০৮২৭৭৮

অতিরিক্ত পুলিশ কমিশনার (এ্যাডমিন)
পুলিশ কমিশনার (সাময়িক দায়িত্বে)
রাজশাহী মহানগর পুলিশ, রাজশাহী।